

# বিজ্ঞান-প্রযুক্তিতে দেশে তৃতীয় নোবিপ্রবি

নোবিপ্রবি প্রতিনিধি



ফাইল ছবি

টাইমস হায়ার এডুকেশন (THE) কর্তৃক প্রকাশিত এশিয়া বিশ্ববিদ্যালয় র্যাংকিং ২০২৬-এ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) ৬০১-৮০০ ব্যান্ডে স্থান পেয়েছে। একই সঙ্গে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ১৭তম, পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ১২তম এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ৩য় স্থান অর্জন করেছে নোবিপ্রবি। এই অর্জন বিশ্ববিদ্যালয়ের জন্য একটি গৌরবময় মাইলফলক হিসেবে বিবেচিত হচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল শুক্রবার (২৪ এপ্রিল) এক বিবৃতিতে

এ অর্জনের জন্য নোবিপ্রবির শিক্ষক, গবেষক,  
শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের প্রতি  
আন্তরিক কৃতজ্ঞতা জানান।

তিনি বলেন, ‘বিশ্ববিদ্যালয়ের এই ইতিবাচক  
অর্জন ও অগ্রগতি যেন দীর্ঘমেয়াদে টেকসই  
প্রভাব ফেলে, সে লক্ষ্যে দায়িত্বশীলতা ও নিষ্ঠার  
সঙ্গে কাজ অব্যাহত থাকবে।’

তিনি আরো উল্লেখ করেন, ২০২৫ সালে  
নোবিপ্রবি থেকে স্কুপাস-ইনডেক্সে ৫৪৯টি  
গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে। যা এ  
বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর থেকে সর্বোচ্চ এবং  
দেশের অন্যান্য বিজ্ঞান ও প্রযুক্তি  
বিশ্ববিদ্যালয়গুলোর তুলনায় সেরা অর্জন।

বিবৃতিতে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ  
ইসমাইল আরো জানান, নোবিপ্রবিকে এগিয়ে  
নিতে বিশ্বমানের শিক্ষক ও গবেষকদের আকৃষ্ট  
করতে কৌশলগত পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

পাশাপাশি প্রযুক্তি হস্তান্তরের ওপর বিশেষ  
গুরুত্ব দিয়ে নিকট ভবিষ্যতে নোবিপ্রবির  
অধীনে পেটেন্ট অর্জনের লক্ষ্যেও কাজ  
চলমান।

